# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৩৪

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. তায়াম্মুম (মাটির সাহায্যে পবিত্রতা অর্জন) - অসুস্থ ব্যক্তির (উযূর সময়) পানি ব্যবহার ক্ষতিকর হলে তার বিধান

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا فِي قَوْلِهِ ـ عز وجل: (وَإِنْ كُنْتُمْ مَرْضَى أَوْ عَلَى سَفَرٍ) قَالَ: «إِذَا كَانَتْ بِالرَّجُلِ الْجِرَاحَةُ فِي سَبِيلِ اللَّهِ وَالْقُرُوحُ, فَيُجْنِبُ, فَيَخَافُ أَنْ يَمُوتَ إِنْ اِغْتَسَلَ: تَيَمَّمَ». رَوَاهُ الدَّارَقُطْنِيُّ مَوْقُوفًا, وَرَفَعَهُ الْبَزَّارُ, وَصَحَّحَهُ ابْنُ خُزَيْمَةَ, وَالْحَاكِمُ

صحيح. رواه أبو داود (338)، والنسائي (113)

ضعيف موقوفا، ومرفوعا. والموقوف رواه الدارقطني (177/ 9) والمرفوع رواه ابن خزيمة (272)، والحاكم (165)

বাংলা

১৩৪। ইবনু ’আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। আল্লাহর বাণী ’যদি তোমরা অসুস্থ হও বা সফরে থাকো[1] এ আয়াতের ব্যাখ্যায় ’আব্বাস (রাঃ) বলেন, “কোন ব্যক্তি যদি আল্লাহর পথে কোন জখম বা আঘাত প্রাপ্ত হয় এবং সে জুনুবী বা অপবিত্র হয়ে পড়ে আর গোসল করতে মৃত্যুর আশংকা করে, তবে এমতাবস্থায় সে তায়াম্মুম করবে”। দারাকুৎনী এটিকে মাওকুফরুপে ও বাযযার মারফূ’রূপে রিওয়ায়াত করেছেন, এবং ইমাম হাকিম ও ইবনু খুযাইমাহ একে সহীহ বলেছেন।[2]

## English

Narrated Ibn `Abbas (RAA):

concerning the verse, “And if you are ill or on a journey...” (an-Nisa': 43). He said, "If a man sustains a wound, which he suffered during Jihad (in the cause of Allah) or ulcers, then he became junub (sexually impure) and is afraid that if he bathes he would die; he may perform ablution with clean earth (Tayammum). [Reported by Ad- Daraqutni in a Mawquf (untraceable) Hadith and Al-Bazzar in a Marfu' (traceable) one. Ibn Khuzaima and Al-Hakim graded it Sahih (sound)].

## ফুটনোট

[1] আবু দাউদ ৩৩৮; নাসায়ী ১১৩

[2] হাদীসটি মারফু' ও মাওকুফ উভয় হিসেবেই যঈফ। মাওকুফ’ হিসেবে বর্ণনা করেছেন দারাকুতনী (৯/১৭৭) আর মারফু’ হিসেবে বর্ণনা করেছেন ইবনু খুজাইমাহ (২৭২) ও হাকিম (১৬৫)। এ হাদীসে রয়েছে জাসারা বিনতু দাজাজা। তিনি তার বর্ণনায় ইজতিরাব ঘটিয়েছেন। ইজতিরাব হচ্ছে হাদীসের ত্রুটি। তাই এক দল মুহাদ্দিস এ হাদীসটিকে দুর্বল আখ্যায়িত করেছেন। (তামামুল মিন্নাহ ১১৮) জাসারা বিন দাজাজাহকে ইমাম বুখারী দুর্বল আখ্যায়িত করেছেন (ইরওয়াউল গালীল ১/২১০), সহীহ ইবনু খুযইমাহ (১৩২৭), আলবানী যঈফ বলেছেন, ইমাম শাওকানী হাদীসটিকে সহীহ বলেছেন। (নায়লুল আওতার ১/২৮৭)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন